দৈনিক বাংলা

তারিখ ... 19 FEB 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪

47

# বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনেকেই যথানিয়মে দরখাস্ত ফর্ম জমা দেয়। ২/১ দিন পর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায়ও অংশগ্রহণের জন্য তারা ফর্ম জমা দেয়।

পরবর্তীতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দৈনিক পত্রিকায় এক বিজ্ঞপ্তির মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের তারিখ পরিবর্তন করে নতুন তারিখ ঘোষণা করে। এই নতুন তারিখ হচ্ছে ঃ বিজ্ঞান অনুষদ–২২–২–৯৩, সম্মিলিত অনুষদ–১৮–২–৯৩, আইন অনুষদ–২৩–২–৯৩ এবং বাণিজ্যঅনুষদ–২৫–২–৯৩।

অপরদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ ঃ বিজ্ঞান অনুষদ–২৩–২–৯৩, জীব ও ভূ–বিজ্ঞান অনুষদ–২৪–২–৯৩, আইন অনুষদ–২৫–২–৯৩ এবং বাণিজ্য অনুষদ–২৮–২–৯৩।

এরূপে প্রায় কাছাকাছি তারিখ থাকায় অনেক ছাত্রের পক্ষেই উভয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নেয়া সম্ভব হবে না। উল্লেখ্য যে অনেক ছাত্রই একাধিক বিষয়ে ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার জন্যই দরখাস্ত দাখিল করেছে।

অতএব, যাহাতে উভয় বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্রের পক্ষে ভর্তি পরীক্ষায় অংশ নেয়া সম্ভব হয় সেদিকে লক্ষ্য রেখে ভর্তি পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণের জন্য সকল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানাচ্ছি।

—ডাঃ এ কে এম নুরুল ইসলাম ভূঞা
এমবিবিএস,
মিরপুর, ঢাকা।